দৈনিক বাংলা

তারিখ ২৭।২।৮১
পৃষ্ঠা ......... কলাম .........

4850

001

# নোবেল শান্তি পুরস্কার বিজয়ী গ্রেফতার

সাওপলো (ব্রাজিল), ২০শে ফেব্রুয়ারী (এএফপি)। —মানবাধিকার সম্পর্কে বক্তৃতা দেয়ার প্রাক্কালে পুলিশ গত রাতে ১৯৮০ সালের নোবেল শান্তি পুরস্কার বিজয়ী এডলফো পেরেজ ইস্কুইভেলকে গ্রেফতার করেছে। মিঃ ইস্কুইভেল আর্জেন্টিনার অধিবাসী। ৯ই ফেব্রুয়ারী থেকে তিনি ব্রাজিলের সাওপলো, রিও, বেলো হরিজোন্টে, পোর্ট অলেগ্রে এবং ওলিন্ডায় বক্তৃতা দিয়ে বেড়াচ্ছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, শত শত লোকের সামনে পুলিশ তাকে আটক করে হাত কড়া দিয়ে নিয়ে যায়।

পুলিশ জানিয়েছে, মিঃ ইস্কুইভেলকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তাকে গ্রেফতার করা হয়নি।

বিচার দফতরের একজন মুখপাত্র জানান, ব্রাজিলের অভ্যন্তরীণ ব্যাপারে নাক না গলানোর জন্য তাকে সতর্ক করে দেয়া হয়েছিল।

রিও ডি জেনেরোতে বক্তৃতাকালে তিনি বলেন, মুক্তিপ্রাপ্ত রাজবন্দীদের পুলিশী জুলুমের বিরুদ্ধে মামলা করার অধিকার থাকা উচিত বলে তিনি মনে করেন।

সেনা, নৌ ও বিমান বাহিনী মন্ত্রীরা এ ধরনের 'প্রতিশোধ' নেয়ার চেষ্টা করার বিরুদ্ধে মুক্তিপ্রাপ্ত রাজবন্দীদের সতর্ক করে দেন।

মিঃ পেরেজ ইস্কুইভেলের ব্রাজিলীয় শ্রমিক নেতা লুইডা সিলভা এবং তার কয়েকজন সহকর্মীর বিচারে পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকার কথা ছিল। বেআইনী ধর্মঘট ডাকার অপরাধে সামরিক আদালতে তাদের বিচার করা হচ্ছে।